



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

‘বিশ্ব মেধা সম্পদ দিবস-২০১৮’ উপলক্ষে র্যালি অনুষ্ঠিত



‘ক্ষমতার পরিবর্তন : উদ্ভাবনী ও সৃষ্টিকাজে নারী (Powering Change: Women in Innovation and Creativity)’ শ্লোগান সামনে রেখে বিশ্ব মেধা সম্পদ দিবস (International Intellectual Property Day) উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাউথ এশিয়ান স্টাডি সার্কেল (South Asian Study Circle)-এর উদ্যোগে ২৬ এপ্রিল-২০১৮, বৃহস্পতিবার, বেলা ১২টায় একটি র্যালির আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর নেতৃত্বে র্যালিটি রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস প্রদক্ষিণ করে শহীদ মিনারের সামনে এসে সমাপ্ত হয়।

র্যালিটি পরিচালনা করেন এশিয়ান স্টাডি সার্কেলের পরিচালক অধ্যাপক ড. অরুন কুমার গোস্বামী। র্যালিতে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রানী সরকার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ম শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আব্দুল্লাহ বাকীসহ ইনস্টিটিউটসমূহের পরিচালক, বিভাগের শিক্ষক, সাংবাদিক প্রতিনিধি ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।